



তথ্যবিবরণী

নম্বর- ১৬০

রাজশাহীতে অংশীজনের সাথে স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২৩ পৌষ (০৭ জানুয়ারি):

আজ মঙ্গলবার (০৭ জানুয়ারি) বিকালে রাজশাহী মেডিকেল কলেজের সম্মেলন কক্ষে অংশীজনের সাথে স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডা. জাওয়াদুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ডা. সায়েবা আক্তার, অধ্যাপক ডা. মো. মোজাহেরুল হক, অধ্যাপক লিয়াকত আলী, ডা. আজহারুল ইসলাম খান, অধ্যাপক ডা. সৈয়দ মো. আকরাম হোসেন, ড. আহমদ এহসানুর রহমান এবং উমাইর আফিফ।

সংস্কার কমিশনের সদস্যবৃন্দ উপস্থিত অংশীজনের নিকট হতে স্বাস্থ্যখাতে সংস্কারের জন্য প্রয়োজনীয় মতামত আহ্বান করেন।

স্বাস্থ্যখাতকে স্বায়ত্তশাসনের আওতায় আনা, মেডিকলে অর্জিত রাজস্বের ৩০ শতাংশ যন্ত্রপাতি ক্রয়ের জন্য বরাদ্দ রাখা, আন্তঃক্যাডার বৈষম্য নিরসন, হাসপাতালের বেড অনুযায়ী চিকিৎসক ও ডায়াগনস্টিক সেবাবৃদ্ধি, স্বাস্থ্যখাতে অবকাঠামোগত পরিবর্তন ও জনবল বৃদ্ধি, জিডিপি ৫ শতাংশ স্বাস্থ্যখাতে বরাদ্দ, সিভিল সার্জনদের ম্যাজিষ্ট্রেসি ক্ষমতা প্রদান, ডাক্তারদের জন্য ওষুধ কোম্পানির অবৈধ সুবিধা পরিহার, স্বাস্থ্যখাতে গবেষণা ও প্রশিক্ষণের জন্য বরাদ্দ বৃদ্ধি, ডায়াগনস্টিক সেন্টারগুলোর রিপোর্টের মূল্য নির্ধারণ করে দেওয়া, ডাক্তারদের সরকারি-ব্যক্তিগতভাবে রোগী দেখার হার নির্ধারণ করা, দেশে বিদেশী মানের স্বাস্থ্যসেবা প্রদানের উপযুক্ত হাসপাতাল নির্মাণ, স্বাস্থ্য বীমা চালু করা, ডায়াগনস্টিক সেন্টারগুলোকে নির্দিষ্ট পলিসির আওতায় নিয়ে আসা, স্বাস্থ্য পুলিশিং ব্যবস্থা, এ্যাম্বুলেন্স সুবিধা বাড়ানো, স্বাস্থ্যনীতি বাস্তবায়নে অবহেলা দূরীকরণ, ময়না তদন্তের মানোন্নয়ন এবং ফরেনসিক খাতে প্রণোদনা, বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য সম্পর্কিত ননমেডিকেল ডিগ্রিধারীদের স্বাস্থ্যখাতে অন্তর্ভুক্তিকরণ, গণমাধ্যমের সাথে স্বাস্থ্য বিভাগের সম্পর্ক উন্নয়ন- এমন সব সুপারিশ তুলে ধরেন মতবিনিময় সভায় অংশগ্রহণকারী অংশীজনেরা।

মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বিভিন্ন পর্যায়ের ডাক্তার, বৈষম্য বিরোধী ছাত্র-আন্দোলনের সমন্বয়ক, শিক্ষক-শিক্ষার্থী, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৮:২০ ঘ.